



## জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষার ১ম বর্ষের চূড়ান্ত ফল প্রকাশ

প্রকাশিত: ২৭ - সেপ্টেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০১৮ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষার ফল বৃহস্পতিবার রাতে (৮টায়) প্রকাশ করা হয়েছে। এবারের পরীক্ষায় গড় উত্তীর্ণের হার ৮৬.২১%। এ পরীক্ষায় সারাদেশের ৭০৩টি কেন্দ্রে একহাজার ৮৮১ কলেজের সর্বমোট ২ লাখ ৭ হাজার ৮৯২ জন (নিয়মিত, অনিয়মিত ও মান উন্নয়নসহ) পরীক্ষার্থী অংশগ্রহণ করেছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) বদরুজ্জামান বৃহস্পতিবার রাতে সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছেন।

তিনি জানান, পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন ও কলেজওয়ারী ফলাফল ি.ি হু. ধপ. নফ/বংঃঃঃ ওয়েবসাইট থেকে জানা যাবে। যে কোন মোবাইল থেকে বগবা করেও ফলাফল জানা যাবে। এক্ষেত্রে গবংধমব অপশনে গিয়ে ঘট (ংঃধপব)উউএ(ংঃধপব)জঙখ হু লিখে ১৬২২২ নম্বরে ববহফ করতে হবে। ফলাফল সম্পর্কে কোন পরীক্ষার্থী বা সংশ্লিষ্ট কারও কোন আপত্তি/অভিযোগ থাকলে ফলাফল প্রকাশের একমাসের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট লিখিতভাবে জানাতে হবে। এরপর আর কোন আপত্তি/ অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস্স: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com